

ফতওয়া নং ৩৬৫

প্রশ্ন:

দাড়িবিহীন ব্যক্তিকে সালাম দেয়া যাবে আজান একামত দিতে পারে ?

উত্তর:

দাড়ি মুন্ডন করা বা এক মুষ্টির কম করা হারাম। দাড়ি মুন্ডনকারী বা এক মুষ্টির কম কর্তনকারী ব্যক্তি শরীয়াতের দৃষ্টিতে শুধু ফাসিকই নয়; বরং সার্বক্ষণিক গুনাহে লিপ্ত এবং প্রকাশ্য ফাসিক। আর প্রকাশ্য ফাসিক ব্যক্তি শরীয়াতের বিধানকে সম্মান দেখায় না। তাই সে নিজেও সম্মান পাবার যোগ্য নয়। এ কারণে এমন ব্যক্তিকে আগে সালাম দেয়া মাকরুহ।

তবে যদি সালাম দেবার দ্বারা দ্বীনী কোন ফায়দা হয়, যেমন লোকটি তার পাপকর্ম ছেড়ে দেবার সম্ভাবনা সৃষ্টি হয়, বা তাকে দাওয়াত দেয়া সহজ হয়, তাহলে সালাম দেয়া যাবে।

ফাসিকের আযান-ইকামতও মাকরুহ তাহরীমী। (আহসানু ফাতাওয়া ২/২৮৭, ফাতাওয়া মাহমুদিয়া ১৮/১২৩-১২৪ পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

২৩ শে শাওয়াল, ১৪৪৫ হিজরী (03/05/2024)